

D/S. Uplode this notice



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

Web: www.sylhetboard.gov.bd

কলেজ স্মারক নং/সিবি/ক:শা:/২০১৫/৩৭৯

তারিখ : ০৭-১০-২০১৫ খ্রিঃ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

eSIF পূরণে অনুসরণীয় নিয়মাবলী

২০১৫-১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম অন-লাইনে সম্পাদিত হবে। অন-লাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে অন-লাইনে eSIF পূরণ করতে হবে। eSIF পূরণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা গেল।

- ১। eSIF কার্যক্রম সম্পাদনের জন্য ০২টি password প্রয়োজন যা অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখা কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ইতোমধ্যে সরবরাহ করা হয়েছে (২০১৪-১৫ শিক্ষাবর্ষে eSIF পূরণের জন্য সরবরাহকৃত password ২০১৫-১৬ শিক্ষাবর্ষে প্রযোজ্য হবে)। যেহেতু password ০২ টি অত্যন্ত গোপনীয় তাই তা প্রতিষ্ঠান প্রধানকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।
- ২। password ফাঁস হলে রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতার সৃষ্টি হতে পারে, তাই উক্ত কারণে এতদসংক্রান্ত বিষয়ে যে কোন জটিলতার জন্য অত্র শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ দায়ী হবে না।
- ৩। eSIF অন-লাইনে চূড়ান্তভাবে দাখিল (Confirm) করার পর কোনরূপ সংশোধনের সুযোগ না থাকায়, eSIF এ শিক্ষার্থীর তথ্য পূরণের পর চূড়ান্তভাবে দাখিল (Confirm) করার পূর্বে তা প্রিন্ট করে ভালোভাবে যাচাই করে প্রিন্ট কপিতে অবশ্যই শিক্ষার্থীর স্বাক্ষর নিতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে অতি সতর্কতার সাথে প্রয়োজনীয় সংশোধনপূর্বক চূড়ান্তভাবে দাখিল (Confirm) করতে হবে।
- ৪। বোর্ড কর্তৃক ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর ছবি থাকে বিধায় ছবি Upload করার সময় সতর্কতা অবলম্বন করতে হবে, যাতে একজনের ছবির পরিবর্তে অন্যজনের ছবি Upload না হয়। eSIF চূড়ান্তভাবে দাখিল (Confirm) করার পূর্বে শিক্ষার্থীর ছবি ভালভাবে মিলিয়ে নিতে হবে।
- ৫। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও দায়িত্ব প্রাপ্ত শিক্ষকগণকে সূক্ষ্মভাবে নজর রাখার মাধ্যমে eSIF পূরণ কার্যক্রম বিশেষভাবে তদারকি করার জন্য অনুরোধ করা গেল।
- ৬। শিক্ষা বোর্ডের অনুমতিক্রমে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ কার্যক্রম ছাড়পত্র নিয়ে ভর্তিকৃত (সর্বশেষ) প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদন করতে হবে।
- ৭। শিক্ষা প্রতিষ্ঠানে অনুমোদন নেই এমন কোন শাখা ও বিষয়ে eSIF পূরণ করা যাবে না।
- ৮। বোর্ডে দাখিলকৃত টটলিস্ট ও তৎপরবর্তী পরিবর্তনের আলোকে eSIF এ শিক্ষার্থীর শাখা ও বিষয় পূরণ করতে হবে। বোর্ডকে অবহিত না করে পূর্বে দাখিলকৃত শাখা ও বিষয় পরিবর্তন গ্রহণযোগ্য হবে না। একাদশ শ্রেণিতে ভর্তি করা হয়নি/বোর্ডে জমাকৃত টটলিস্টে উল্লেখ নেই/এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট বোর্ডে জমা দেয়া হয়নি এরকম কোন শিক্ষার্থীর eSIF পূরণ করা যাবে না। ভর্তি কার্যক্রম চূড়ান্তভাবে সম্পন্ন করা হয়নি এমন শিক্ষার্থীর eSIF পূরণ করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিদ্যমান আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৯। eSIF অন-লাইনে চূড়ান্তভাবে দাখিল (Confirm) করার পর তা প্রিন্ট করে (অধ্যক্ষ ও শিক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত) এক কপি অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখায় ১০/১১/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে জমা দিতে হবে এবং এক কপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

* অন-লাইনে eSIF পূরণ করার জন্য ওয়েবসাইট : www.esif.teletalk.com.bd

* পূরণকৃত eSIF অন-লাইনে চূড়ান্তভাবে দাখিল (Confirm) করার শেষ তারিখ : ২৬/১০/২০১৫ খ্রিঃ।

(মোঃ মোস্তফা কামাল আহমদ)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

ফোনঃ ০৮২১-৮৪০০৮৬